

ব্রি ধান ৮৯

জাত পরিচিতি

ব্রি ধান৮৯ বোরো মৌসুমের একটি জাত। জাতীয় বীজ বোর্ড কর্তৃক ২০১৮ সালে ব্রি ধান৮৯ জাত হিসাবে ছাড়করণ করা হয়।



জাতের বৈশিষ্ট্য

- ◆ পূর্ণবয়স্ক গাছের গড় উচ্চতা ১০৬ সেমি।
- ◆ এ জাতের কাণ্ড শক্ত, পাতা হালকা সবুজ এবং ডিগপাতা চওড়া।
- ◆ ধানের ছড়া লম্বা এবং পাকার সময় কাণ্ড ও পাতা সবুজ থাকে।
- ◆ এর জীবনকাল ব্রি ধান২৯ এর চেয়ে ৩-৫ দিন আগাম।
- ◆ ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২৪.৪ গ্রাম।
- ◆ এ ধানের অ্যামাইলোজ ২৮.৫%।

জাতের বিশেষ প্রয়োজনীয়তা : ব্রি ধান ৮৯ এর জীবনকাল ব্রি ধান২৯ এর চেয়ে ৩-৫ দিন কম এবং ফলন বেশি। ফলন বেশি ও জীবনকাল কম হওয়ায় যেসব এলাকায় ব্রি ধান২৯ চাষাবাদ হয় সেখানে সহজেই ব্রি ধান৮৯ চাষ করা যাবে।

জীবনকাল : এ জাতের জীবন কাল ১৫৪-১৫৮ দিন।

চাষাবাদ পদ্ধতি

এ জাতটি বোরো মৌসুমে সেচনির্ভর চাষাবাদ এলাকার জন্য উপযোগী। এ ধানের চাষাবাদ অন্যান্য উফশী বোরো ধানের মতোই।

- ◆ বীজতলায় বীজ বপন: বীজ বপনের উপযুক্ত সময় হলো ১ নভেম্বর থেকে ১৫ নভেম্বর পর্যন্ত অর্থাৎ ১৭ কার্তিক থেকে ১ অগ্রহায়ণ।
- ◆ চারার বয়স ও রোপণ দূরত্ব: এ ধান ৪০-৪৫ দিনের চারা ২০ সেমি. X ২০ সেমি. ব্যবধানে রোপণ করতে হবে।
- ◆ চারা রোপণ: ১৫ই ডিসেম্বর থেকে ১৩ই জানুয়ারি (৩০ পৌষ)।
- ◆ চারার সংখ্যা। প্রতি গোছায় ২-৩টি করে।

সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা)

ইউরিয়া	ডিএপি	এমওপি	জিপসাম	জিংক সালফেট
৩৫-৪০	১২-১৪	১৫-২০	১২-১৫	১-১.৬

সর্বশেষ জমি চাষের সময় সবটুকু ডিএপি, জিপসাম, জিংক সালফেট ও দুই তৃতীয়াংশ এমওপি প্রয়োগ করতে হবে। ইউরিয়া সার সমান তিন কিস্তিতে যথা-রোপণের ১৫-২০ দিন পর ১ম কিস্তি, ২৮-৩০ দিন পর ২য় কিস্তি এবং ৪৫ দিন পর ৩য় কিস্তি প্রয়োগ করতে হবে। বাকি এক-তৃতীয়াংশ এমওপি দ্বিতীয় কিস্তি ইউরিয়ার সাথে প্রয়োগ করতে হবে।

আগাছা দমন: রোপণের পর ৪০-৪৫ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।

সেচ ব্যবস্থাপনা: খোড় অবস্থা থেকে দুধ অবস্থা পর্যন্ত জমিতে পর্যাপ্ত রসের ব্যবস্থা রাখতে হবে। সেচ কাজে এডাল্লিউডি পদ্ধতি ব্যবহার করা উত্তম।

রোগবলাই দমন: ব্রি ধান৮৯ এ রোগবলাই ও পোকামাকড়ের আক্রমণ প্রচলিত জাতের চেয়ে অনেক কম হয়। তবে রোগবলাই ও পোকামাকড়ের আক্রমণ দেখা দিলে সমন্বিত বলাই দমন ব্যবস্থাপনা ব্যবহার করা উচিত। রোগবলাই ও পোকামাকড়ের আক্রমণ বেশি হলে অনুমোদিত বলাইনাশক প্রয়োগ করতে হবে।

ফসল পাকা ও কাটা: ১৮ এপ্রিল-৩০ মে (৫ বৈশাখ -২০ বৈশাখ) ধান কাটার উপযুক্ত সময়।

ফলন: প্রতি হেক্টরের গড় ফলন ৮.০ টন। উপযুক্ত পরিচর্যা পেলে প্রতি হেক্টরে ৯.৭ টন পর্যন্ত ফলন দিতে সক্ষম।

বিস্তারিত তথ্যের জন্য উপসহকারী কৃষি অফিসার বা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন। তাছাড়া কৃষি বিষয়ক তথ্য পেতে যে কোন মোবাইল অপারেটর থেকে কৃষি কল সেন্টারে ১৬১২৩ নম্বরে ফোন করুন।



কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

খামারবাড়ী, নরসিংদী

www.dae.narsingdi.gov.bd

